

শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইকটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।
(www.wewb.gov.bd)

নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.০০৩.২১(১১)-২০৯

তারিখ: ১৮ এপ্রিল ২০২২

এসএসসি/সমমান-২০২১ ও এইচএসসি/সমমান-২০২০ ক্যাটাগরিতে “প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি” এর দরখাস্ত আহ্বান


প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২১ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা (১ম সেমিস্টার/বর্ষে) এবং ২০২০ সালে এইচএসসি/সমমান ক্যাটাগরিতে বিশ্ববিদ্যালয় মেডিকেল (১ম সেমিস্টার/বর্ষে) এ অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী:

- (১) যে সকল প্রবাসী কর্মীর সন্তানগণ শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে-
(ক) বিএমইটির বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের মেধারশীপ গ্রহণ করেছেন;
(খ) মৃত প্রবাসী কর্মীর ক্ষেত্রে মৃতের পরিবার এ বোর্ড হতে আর্থিক অনুদান পেয়েছেন বা পাবেন।
- (২) নিম্নের ছকে বর্ণিত শর্তসাপেক্ষে জিপিএ/সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থী আবেদন করতে পারবে

ক্রম	ক্যাটাগরি	বিভাগ	বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ/সিজিপিএ	
			প্রবাসে কর্মরত কর্মীর সন্তানের ক্ষেত্রে	মৃত প্রবাসী কর্মীর সন্তানের ক্ষেত্রে
০১	এসএসসি/সমমান	বিজ্ঞান বিভাগ	৫.০০	৪.০০
		মানবিক ও বাণিজ্য বিভাগ	৪.৭৫	৪.০০
০২	এইচএসসি/সমমান	বিজ্ঞান বিভাগ	৪.৮০	৪.০০
		মানবিক ও বাণিজ্য বিভাগ	৪.৫০	৪.০০

- (৩) আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:
ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে প্রমাণক হিসাবে আনুষঙ্গিক কাগজপত্রাদি, যেমন- পাসপোর্ট, ভিসা এবং বিএমইটির বহির্গমন ছাড়পত্র/ম্যানপাওয়ার ক্রিয়ারেল সঞ্চলিত পাসপোর্টের কপি/ স্মার্টকার্ড অথবা বিদেশস্থ বাংলাদেশ মিশনের মাধ্যমে ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের মেধারশীপ;
খ) শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি;
গ) প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এসএসসি/সমমান পরীক্ষার মূল নথরপত্রের (মার্কশীট) সত্যায়িত ফটোকপি (কারিগরি শিক্ষার্থীর জন্য প্রযোজ্য);
ঘ) মৃত প্রবাসী কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত NOC (দূতাবাস সনদ) এর ফটোকপি।
- (৪) বৃত্তির পরিমাণ :
ক) এসএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের একাদশ ও দ্বাদশ শ্রেণি পর্যন্ত ০২ (দুই) বছর ও ডিপ্লোমা শ্রেণিতে অধ্যয়নরতদের ০৪ (চার) বছর মাসিক ২,০০০/- (দুই হাজার) টাকা ও এইচএসসি/সমমান ক্যাটাগরিতে বিশ্ববিদ্যালয় (১ম সেমিস্টার/বর্ষে) ৪ বছর ও মেডিকেলের জন্য ৫ বছর মাসিক ২,৫০০/- টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর সেশনজট বিবেচনায় আনা হবে না;
খ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান ক্যাটাগরিতে বৃত্তির সাথে বাৎসরিক এককালীন বই ও শিক্ষা উপকরণসহ অন্যান্য আনুষঙ্গিক খরচ বাবদ যথাক্রমে ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) ও ৪,০০০/- (চার হাজার) টাকা প্রদান করা হবে।
- (৫) আবেদনের প্রক্রিয়া:
ক) সকল শিক্ষার্থীদের অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের লিংক: <http://stipen.wewb.gov.bd/stipend>
খ) শুধুমাত্র এসএসসি/সমমান ক্যাটাগরিতে ডিপ্লোমা (কারিগরি শিক্ষা বোর্ড) এর শিক্ষার্থী সরাসরি/ডাকযোগে আবেদন করবে। ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের ওয়েবসাইট www.wewb.gov.bd হতে বিনামূল্যে আবেদন ফরম সংগ্রহ করে সরাসরি আবেদন করতে পারবে। আবেদনের সাথে ক্রমিক নং- ৩ এ উল্লিখিত কাগজপত্রাদি দাখিল করতে হবে;
গ) অনলাইনে/সরাসরি আবেদনকারীর আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ৩১ মে ২০২২ তারিখের মধ্যে দাখিল করতে হবে। সরাসরি/ডাকযোগে আবেদনের ক্ষেত্রে আবেদন পরিচালক (আইআরপি), ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড, ৯ম তলা, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইকটন গার্ডেন, রমনা ঢাকা-১০০০ বরাবর পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না;
ঘ) শিক্ষার্থীর মোবাইল নম্বর এবং তার মাতা/পিতার মোবাইল নম্বর অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে।
- (৬) শুধুমাত্র এসএসসি/সমমান ক্যাটাগরিতে ডিপ্লোমা (কারিগরি বোর্ড) এর শিক্ষার্থী সরাসরি/ডাকযোগে আবেদন করবে। অন্যান্য ক্যাটাগরির শিক্ষার্থীরা অনলাইনে আবেদন করবে।
- (৭) অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তি প্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- (৮) যে কোন তথ্যের জন্য ২৪/৭ “প্রবাসবন্ধু কলসেন্টার” এর নম্বরসমূহ: ০১৭৮৪৩৩৩৩৩৩, ০১৭৯৪৩৩৩৩৩৩, ০৮০০০১০২০৩০ (টোল ফ্রি), ০৯৬১০১০২০৩০ (বিদেশ থেকে) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


১৮ ০৪ ২০২২
(আরিফ আহমেদ খান)
উপসচিব
পরিচালক (আইআরপি)